The Battale of Heart and Mind

ইসলাম ও কুফরের মধ্যকার

মনস্তাত্ত্বিক লড়াই

সংকলন ও সম্পাদনা

মাওলানা মুহাম্মাদ ইসহাক খান

The Battale of Heart and Mind

ইসলাম ও কুফরের মধ্যকার

মনস্তাত্বিক লড়াই

সংকলন ও সম্পাদনা

মাওলানা মুহাম্মাদ ইসহাক খান

Email: ishak.khan40@gmail.com

মোবাইল: ০১৭৪০১৯২৪১১

খান প্রকাশনী

দোকান নং ৩৮, ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০।

ফোন ০১৭৪০১৯২৪১১, ০১৬৭৭৪৭৭৮৩৪, ০১৭৫৩৫৬৩১১৫

স্বত্ব : সংরক্ষিত

প্রকাশকাল : নভেম্বর ২০১২

মূল্য ঃ ৬০ (ষাট) টাকা মাত্র

The Battale of Heart and Mind

PUB: KHAN PROKASHONI

PRICE: 60.00 TK. 3 DOLLAR (US)

https://kitabbhubon.com

সূচীপত্র

সংকলকের কথা ০৭
মুসলিম উম্মাহর ঐক্য : আমাদের অবস্থা ০৮
মনস্তাত্ত্বিক লড়াই ১৭
সিভিল ডেমোক্রেটিক ইসলাম ২৫
র‍্যান্ডের প্রথম প্রস্তাবনা: মডারেট মুসলিমদের লেখা বই, পুস্তক, প্রবন্ধ ইত্যাদি ভর্তুকী দিয়ে প্রকাশ করা ২৬

মডারেট মুসলিমের পরিচয়-

ক. গণতন্ত্রমনা হতে হবে ২৬
খ. মডারেট মুসলিমদের দ্বিতীয় বৈশিষ্ট্য হলো "Acceptance of non-sectarian sources of law" ২৮
গ. মডারেট মুসলিমদের তৃতীয় বৈশিষ্ট্য হলো: "Respect for the rights of wmen and religious minorities" ২৮
ঘ. মডারেট মুসলিমদের ৪র্থ বৈশিষ্ট্য হলো: "Opposition to terrorism and illegitimate violence." ২৮

র‍্যান্ডের প্রশ্নপত্র: ২৯
১. এই ব্যক্তি বা দল কি সহিংসতা (অর্থাৎ জিহাদকে) সমর্থন বা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে? ২৯
এখন সমর্থন না করলেও অতীতে কি কখনো সমর্থন করেছে বা জিহাদকে কখনো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখেছে? ৩০
২. তারা কি গণতন্ত্র সমর্থন করে? ৩০
৩. এরা কি (কুফফারদের রচিত) আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকে সমর্থন করে? ৩০
৪. এসব ক্ষেত্রে এরা কি কোনো ব্যতিক্রম করতে চায়? ৩০
যেমন ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে? ৩০
৫. এরা কি বিশ্বাস করে যে ধর্ম পরিবর্তন করা ব্যক্তিগত অধিকার? ৩০

https://kitabbhubon.com

৬. এরা কি বিশ্বাস করে যে শরীয়া নির্ধারিত ফৌজদারী দণ্ডবিধি বাস্তবায়ন করা উচিত?.. ৩১
৭. এরা কি বিশ্বাস করে যে রাষ্ট্রের উচিত শরীয়া নির্ধারিত দেওয়ানী আইন বাস্তবায়ন করা?.. ৩১
৮. তারা কি মনে করে যে তাদের রাষ্ট্রে শরীয়া বহির্ভূত পছন্দ মাফিক অন্য কোনো আইনে বিচার প্রার্থনা করার সুযোগ থাকা উচিত?........................ ৩১
৯. তারা কি বিশ্বাস করে যে ধর্মীয় সংখ্যালঘুদের অধিকারও একজন মুসলিম নাগরিকের সমান? ৩২

র‍্যান্ডের দ্বিতীয় প্রস্তাবনা হলো, র‍্যান্ড মুসলিমদেরকে উদ্বুদ্ধ করা সাধারণ জনগণের জন্য বিশেষভাবে যুবক শ্রেণীর জন্য ব্যাপক বই পুস্তক লিখা ৩৪
র‍্যান্ডের তৃতীয় প্রস্তাবনা হলো, র‍্যান্ড মুসলিমদের মতাদর্শসমূহকে ইসলামী শিক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত করা... ৩৪
র‍্যান্ডের চতুর্থ প্রস্তাবনা হলো, সংশ্লিষ্ট দেশের শিক্ষা সিলেবাস ও প্রচার মাধ্যমে তাদের ইসলাম-পূর্ব জাহেলী সভ্যতা সংস্কৃতির প্রচার প্রসারের মাধ্যমে এর চর্চাকে উৎসাহিত করা ৩৫
র‍্যান্ডের পঞ্চম প্রস্তাবনা হলো, মুসলিম জনগণের মধ্যে সুফীবাদকে জনপ্রিয় ও গ্রহণযোগ্য করে তোলা ৩৬
ক. বেআইনী, অবৈধ দলসমূহ ও তাদের কর্মকান্ডের সাথে তাদের সম্পর্ক প্রকাশ করা ৩৭
খ. তাদের সহিংস (জিহাদী) কর্মকান্ডের পরিণামগুলো জনসমক্ষে তুলে ধরা.. ৩৭
গ. মৌলবাদী, চরমপন্থি ও সন্ত্রাসীদের (অর্থাৎ মুজাহিদদের) প্রতি কোনো রকম সম্মান প্রদর্শন করা কিংবা তাদের কোনো প্রশংসা থেকে বিরত থাকতে হবে.. ৩৯
ঘ. তাদেরকে জনগণের সামনে মানসিক বিকারগ্রস্থ এবং কাপুরুষ হিসেবে উপস্থাপন করতে হবে। প্রতিপক্ষের বীরযোদ্ধা হিসেবে উপস্থাপন করা যাবে না............. ৩৯
ঙ. মৌলবাদী ও সন্ত্রাসী (মুজাহিদ) ব্যক্তি ও সংগঠনের দুর্নীতি, কপটতা ও অনৈতিক বিষয়াদি সম্পর্কে তদন্ত করে (তাতে মিথ্যার প্রলেপ দিয়ে) জনসমক্ষে প্রকাশ করা.. ৪১
চ. মৌলবাদীদের (মুজাহিদদের) মধ্যে দলাদলি ও বিভাজন সৃষ্টি করা......... ৪৩
বুশের ইরাক আক্রমণ তাদের জন্য কি ফলাফল বয়ে এনেছে?................. ৫১
আমাদের করণীয়.. ৬০

https://kitabbhubon.com

সংকলকের কথা

সকল প্রশংসা মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালার জন্য, যিনি বিচার দিসের মালিক। দরূদ ও সালাম বর্ষিত হোক আল্লাহর রাসূল মুহাম্মাদ সা., তাঁর পরিবারবর্গ, তাঁর সাহাবাগণ এবং সকল মুমিনের প্রতি।

বক্ষমান বইটি **শায়খ আনোয়ার আল আওলাকি রহ.** -এর ঐতিহাসিক ভাষণ The Battale of Heart and Mind এর বাংলা অনুবাদ।

আনওয়ার আল-আওলাকি রহ. ছিলেন একজন উঁচুমানের বিদগ্ধ মুসলিম আলেম যিনি নিউ মেক্সিকোতে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মাতা ইয়েমেনী। ইয়েমেনেই তাঁর জীবনের এগারো বছর কাল অতিক্রান্ত হয়। সেখানে তিনি ইসলামের উপর প্রাথমিক জ্ঞান অর্জন করেন। তিনি ইয়েমেনের প্রখ্যাত আলেমগণের সান্নিধ্যে শরীয়াহ্-র উপর পড়াশোনা করতেন। এছাড়াও তিনি কলোরাডো স্টেট ইউনিভার্সিটি থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি.এস.সি. এবং সান ডিয়েগো স্টেট ইউনিভার্সিটি থেকে এডুকেশন লিডারশিপে এম.এ. ডিগ্রী অর্জন করেন।

আনওয়ার আল-আওলাকি কলোরাডো ক্যালিফোর্নিয়াতে ইমাম হিসেবে দায়িত্ব পালন করেন। পরে ওয়াশিংটন ডি.সি.-তে অবস্থিত 'দারুল হিজরাহ' ইসলামিক সেন্টার এবং জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটির মুসলিম প্রধান হিসেবে নেতৃত্ব প্রদান করেন। তাঁর বহুল জনপ্রিয় অডিও সিরিজের মধ্যে উল্লেখযোগ্য হল - "Lives of the Prophets", "The Hereafter", "The Life of Muhammad (saws)", "The Life and Times of Abu Bakr Al-Siddique (ra)", "The Life and Times of 'Umar Ibn Al-Khattab (ra)", "The Story of Ibn Al-Akwa", "Constants on the Path of Jihad", এবং আরও অনেক।

এই বইয়ের মূল বক্তব্যটি ইংরেজিতে একটি অডিও থেকে লিখিত হয়েছিলো। সেখান থেকে বাংলায় অনুবাদ হয়েছে, অনলাইনে বিভিন্ন ওয়েবে যার কপিও আছে। বিষয়টি বাংলাভাষাভাষীদের কাছে সাবলীল করার জন্য সংকলক ও সম্পাদকের পক্ষ থেকে অনেক ক্ষেত্রেই কিছু বাক্য, শব্দ বর্ধিত করতে হয়েছে। কিছু ক্ষেত্রে ভাবানুবাদ করতে হয়েছে। তবে সবসময়ই শায়খের মূল বক্তব্য এবং মূল ভাবকে অপরিবর্তিত রাখা হয়েছে। আশা করি এই গ্রন্থনাটি মুসলিমদেরকে নতুনভাবে অনুপ্রাণিত করবে।

শায়খ আওলাকি রহ. কে মহান আল্লাহ সুবঃ জান্নাতের সর্বোচ্চ মাকাম দান করুন। আমাদেরকেও দীনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা করার তাওফীক দিন। আমীন।

https://kitabbhubon.com

মুসলিম উম্মাহর ঐক্য আমাদের অবস্থা

মুসলিম উম্মাহ্ যে বিশ্বজুড়ে কি ভীষণ দূরাবস্থার মধ্য দিয়ে বর্তমান সময় অতিক্রম করছে তা সচেতন পাঠক ভালো করেই জানেন এবং উপলব্ধি করছেন। বিশ্বের প্রায় প্রতিটি প্রান্তে প্রতিদিন মুসলিমরা জুলুম আর নির্যাতনের ষ্টিমরোলারে পিষ্ট হচ্ছে। বসনিয়া, চেচনিয়া, সোমালিয়া, লেবানন, ফিলিস্তিন, ইরাক, আফগান, কাশ্মীর, আরাকান, পাকিস্তানসহ মুসলিম ভূখন্ডগুলোতে আজ মুসলিমদের লাশের স্তূপ পড়ে আছে।

আবূ গারীব আর গুয়ান্তানামোর বন্দি শিবিরগুলো লাখো লাখো ফাতেমা আর আব্দুল্লাহদের আর্তনাদে প্রতি মুহূর্ত ভারী হয়ে উঠছে, কিন্তু তাদেরকে এই দূরাবস্থা থেকে মুক্ত করার জন্য বিশ্বের কোন প্রান্ত থেকেই আজ আর কেউ এগিয়ে আসছে না। আগ্রাসন শুরুর সময় সেখানে মুসলিমদের সারি সারি লাশ, ছিন্ন-ভিন্ন দেহ আর রক্তস্রোত দেখে তাৎক্ষণিকভাবে আমরা মৌন কিছু প্রতিবাদ জানাই, কিন্তু দু'দিন পর মিডিয়ায় তাদের খবর আসা বন্ধ হয়ে গেলে আমরাও নীরব হয়ে যাই। ইস্যু শেষ মনে করে আমরা আবার ঘুমিয়ে পড়ি গাফলতীর গভীর ঘুমে। কিন্তু কুফুরী শক্তির আগ্রাসন মিডিয়ার আড়ালে চলতে থাকে অব্যাহত গতিতে। খানিক পর তা বিস্তৃত হয় আরেক ভূখন্ডে। আবার প্রথম কয়েকদিন মুসলিম বিশ্বে খানিকটা বিক্ষোভ এরপর নীরবতা।
আজ মুসলিমদের ৫৭ টি ভূখন্ড আছে, কিন্তু একটি ইসলামী রাষ্ট্রব্যবস্থা নেই। অনেক শাসক আছে, কিন্তু একজন খলীফা বা ইমাম নেই। নামধারী ইসলামিক রাষ্ট্রের ৬৭ লক্ষ প্রশিক্ষিত এবং নিয়মিত সেনাবাহিনী আছে, কিন্তু মুসলিমদের নিরাপত্তা নেই। কারণ সেই সেনাবাহিনীকে জালিম কাফিরদের বিরুদ্ধে মার্চ করার নির্দেশ দেয়ার কেউ নেই।

বর্তমান বিশ্বব্যাপী মুসলিম উম্মাহর দূরাবস্থার অন্যতম কারণ যে নিজেদের মধ্যে বিভেদ-বিভক্তি আর অনৈক্য -এব্যাপারে আশা করি কোনো ভিন্ন মতাবলম্বীও দ্বিমত পোষণ করবে না। মুসলিমদের মধ্যে বিভিন্ন দল, উপদল ও ফেরকা তৈরী করা হারাম। মুসলিম উম্মাহ একটি দেহের ন্যায় এক ও ঐক্যবদ্ধ থাকাই ছিলো হাদীসের আলোকে বাস্তবিক দাবী। কিন্তু দুঃখজনক কারণে মুসলিমদের একটি জামাত বদ্ধ হয়ে থাকার বিষয়টি আজ সুদূর পরাহত। পৃথিবীর অন্যান্য দেশ তো বটেই এমনকি এই বাংলাদেশেই ইসলামের জন্য স্বনামে ও নামহীনভাবে আন্দোলন ও কাজ করে যাওয়া দল ও সংগঠনের সংখ্যা ৫৫ টিরও উপরে।

https://kitabbhubon.com

এই সংগঠনগুলোর প্রত্যেকেই কুরআন-হাদীস থেকে মুসলিমদের এক ও ঐক্যবদ্ধ থাকার আবশ্যকীয় নির্দেশনার আয়াত ও হাদীসগুলো উদ্ধৃত করেন এবং তাদের সংগঠনে সকলকে যোগদানের কথা বলেন। পুরো মুসলিম উম্মাহকে এক জামাআত বদ্ধ হয়ে থাকার আবশ্যকীয়তার উপর যত হাদীস আছে সেই হাদীসগুলোকে তারা তাদের সংগঠনের সাথে সম্পৃক্ত থাকার জন্য কর্মীদের সামনে তুলে ধরেন। প্রত্যেকেরই ভাবখানা এমন যেন হাদীসগুলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দলীয় কার্যালয়ে এসেই বলেছিলেন! প্রত্যেকেই 'ওয়া'তাসিমু... আয়াত পড়েন এবং এর দ্বারা তার সংগঠন আঁকড়ে থাকার জন্য নসীহত করেন। অনেকে মুসলিমদের এতো দল কেনো? দলাদলি ইসলামে হারাম বলে শেষ পর্যন্ত নিজেই আরেকটি নতুন দল ও সংগঠনের সূচনা করেন।

এটাও একটা পর্যায় ছিলো। বিভিন্ন দল ও সংগঠনের নেতা-কর্মীরা নিজেদের নিয়ে ব্যস্ত থাকতো। নিজেদের সাংগঠনিক দাওয়া ও প্রচার নিয়ে তারা সময় দিতো। কিন্তু ইদানিং সমস্যা আরো প্রকট আকার ধারণ করছে। একদিকে বিভিন্ন ইসলামী দলগুলোর উপর রাষ্ট্রীয় নির্যাতন-নিপীড়ন মাত্রা ছাড়িয়ে যাচ্ছে, অপরদিকে এই সকল ইসলামী সংগঠন গুলোর মধ্যেও এমন এমন মহান (!) ব্যক্তিদের আবির্ভাব ঘটছে, যারা নিজেদেরকে পজেটিভ দাওয়া তথা নিজের আদর্শ ও লক্ষ্য অন্যদের কাছে পৌঁছে দেয়া ও ছড়িয়ে দেয়ার পরিবর্তে অন্য দল, সংগঠন ও বিভিন্ন ব্যক্তিদের অহেতুক কঠোর সমালোচনা ও তীব্রভাবে তুলোধুনা করে প্রতিহত করতেই ব্যস্ত হয়ে পড়ছেন।

সাম্প্রতিক সময়ে ইসলামী সংগঠনে এমন কিছু অতি উৎসাহী কর্মী, সমর্থক ও দ্বীনের বিশাল দায়ী'র সন্ধানও পাওয়া যাচ্ছে, যারা মুসলিমদের জন্য বর্তমান সময়ের সবচেয়ে বড় সমস্যা আমেরিকা এবং তার গণতান্ত্রিক জীবনব্যবস্থার জুলুম ও আগ্রাসন এবং দেশীয় ও আঞ্চলিক জালিম শাসকদের বিরোধীতার পরিবর্তে ছোট থেকে ছোট নফল ও মুস্তাহাব পর্যায়ের বিষয় নিয়ে তারই অপর কোনো মুসলিম ভাইকে তুলোধুনো করতেই বেশি স্বাচ্ছন্দ্য বোধ করছেন। গুরুত্বপূর্ণ ইসলামী ব্যক্তিত্ব ও ইসলামী সংগঠনের নেতৃবৃন্দের অনেকের কাছেই এমন কিছু ব্যক্তি আস্তানা গাঁড়ছে, যারা নিজেদেরকে ইতিপূর্বেকার অন্য সবার চেয়ে বেশি দ্বীনদার ও বিশ্বস্ত প্রমাণে মরিয়া। তাদের সততা ও আন্তরিকতায় সেই সকল শায়খ-মাশায়েখ এবং ইসলামী নেতৃবৃন্দ মুগ্ধ হয়ে যাচ্ছেন। এরপর সেই সকল 'বিশ্বস্ত সহচরগণ' তাদের শায়খ ও শীর্ষ ব্যক্তিদেরকে ভুল তথ্য ও মিথ্যা কথার দ্বারা বিভ্রান্ত করছেন। তুলনামূলক কম

https://kitabbhubon.com

গুরুত্বপূর্ণ ও অপ্রয়োজনীয় বিষয়ে তাদেরকে ব্যস্ত রাখছেন। তাদের দ্বারা অপর সংগঠন ও ইসলামী দলগুলো সম্পর্কে লেখাচ্ছেন, বিবৃতি দেয়াচ্ছেন। কেউ কেউ ব্যক্তিগত সামান্য কারণ ও বিরোধকে উম্মাহর সমস্যা আখ্যায়িত করে দ্বিমত পোষণকারীকে ইসলামের শত্রু আখ্যায়িত করছেন।
ফলে এখন ইসলামী দলগুলো নিজেদের মধ্যে একে অপরের উপর নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণের প্রতিযোগিতায় নামছেন। একে অপরের প্রতি আক্রমণ পাল্টা আক্রমণ করাকেই তাদের জন্য যুগের সর্বশ্রেষ্ঠ জিহাদ হিসেবে গ্রহণ করছেন। সামান্য থেকে সামান্য বিষয় নিয়ে বিশাল থেকে বিশাল প্রচারণা তুলে ধরার প্রবণতা এবং যে কোনোভাবেই হোক না কেন, অন্য দল ও সংগঠনকে বাতিল, গোমরাহ, ইহুদীদের দালাল বলে নিজেকেই একমাত্র তাওহীদপন্থী, খালেস, হক প্রমাণের আকাঙ্খায় কেউ কেউ বাতাস দিচ্ছে, নিভু নিভু আগুনে কেরোসিন ঢেলে প্রজ্বলিত অগ্নিকুন্ডের সৃষ্টি করছে।

বর্তমান সময়ে আমাদের এই বাংলাদেশে কাজ করে যাওয়া ইসলামী সংগঠন অনেক হলেও খুব কম সংখ্যক দলকেই প্রকাশ্যে মাঠে-ময়দানে দেখা যায়। অনেক বড় বড় সংগঠন ছোটো খাটো কিছু ঘরোয়া কর্মসূচী পালন করলেও সঠিক সময়ে, উচ্চস্বরে রাজপথে নেমে জুলুম-নির্যাতন সত্ত্বেও অটল থেকে আন্দোলন অব্যাহত রাখা অনেকের পক্ষেই সম্ভব হয় নি। যারা রাজপথে নেমেছেন তাদের উপর এসেছে জুলুম-নির্যাতনের ষ্টিম রোলার। আন্দোলনরত সংগঠনগুলো পরস্পরে একে অপরকে আঁড়চোখে দেখলেও, একে অপরকে আন্তরিকভাবে গ্রহণ করতে না পারলেও; রাষ্ট্রীয় এবং প্রশাসনিক নির্যাতন ভোগের ক্ষেত্রে সকলেই যে সমান তা এদেশের ইসলামী আন্দোলন সম্পর্কে নূন্যতম ধারণা রাখেন এমন সকলেই জানেন। কিন্তু তারপরও চরমতম দুঃখজনক বিষয় হলো তারা একসাথে আন্দোলনে আসতে পারছে না।

আরো সহজ ভাষায় বললে সকল দলই তাদের ভাষায় 'ইসলামের জন্যই' জুলুম নির্যাতন সহ্য করছে। পুলিশও তাদেরকে পেটাচ্ছে, জেলে দিচ্ছে, বৈদ্যুতিক শক দিয়ে, উল্টো ঝুলিয়ে নির্যাতন করে, রাতের পর রাত ঘুমাতে না দিয়ে, বিভিন্নভাবে নির্যাতন করছে একটিমাত্র কারণেই, তা হলো তারা ইসলামী রাজনীতি নিয়ে অগ্রসর হচ্ছেন যা শাসকগোষ্ঠীর পছন্দ নয়। যে সকল সংগঠন ও দল নামহীনভাবে কাজ করে যাচ্ছেন, শাসকদের জুলুম ও গণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে প্রকাশ্যে কথা বলছেন না বা প্রকাশ্যে কোনো কার্যক্রম পরিচালনা করছেন না, তাদের কেউ কেউ আপাতত: রাষ্ট্রীয় নির্যাতন মুক্ত থাকলেও এটি স্থায়ী অবস্থা নয়। তাদের সম্পর্কে কুফুরী শক্তি এবং তাদের

https://kitabbhubon.com

দোসররা অবগত হওয়া এবং প্রকাশ্যে কাজ করার আগ্রহ পোষণ করার সাথে সাথে তাদের উপরও নেমে আসবে জুলুম নির্যাতনের সেই একই ষ্টিমরোলার। এই সংগঠনগুলো এবং এধরণের অন্যান্য সংগঠন ও দ্বীনী দলগুলোর মধ্যে একটির সাথে অপরটির ব্যবধান খুব সামান্যই। প্রায় সকল সংগঠন এবং প্রতিটি সংগঠনের ৯৫% নেতা-কর্মীই ইসলামের জন্য কাজ করছেন। প্রত্যেকে নিজেদের জান-মাল দিয়ে কষ্ট করছেন একমাত্র আল্লাহকে খুশি করার জন্যই। কিন্তু তারপরও তারা এক হতে পারছে না।

কোনো ইসলামী দলই একেবারে ধোয়া তুলসী পাতা নয়। প্রত্যেক সংগঠনের মধ্যেই কিছু না কিছু অসম্পূর্ণতা ও ভুল থাকতে পারে। ইসলামী নেতৃবৃন্দ, শায়খ-মাশায়েখদের সকলেও নিষ্পাপ বা ভুলের উর্ধ্বে নন। তবে একটি ইসলামী দল, সংগঠন বা কোনো ব্যক্তি বিশেষের ত্রুটি সংশোধনের জন্য তাকে সরাসরি তীব্রভাবে কটাক্ষ করা, আক্রমণের পর আক্রমণ করে তাকে কোনঠাসা করে ফেলা, বিব্রত করে তোলা সংশোধনের পদ্ধতি নয়। অনেকে এমন আক্রমণাত্মক ভঙ্গিতে দাওয়া করেন বা তার অপর মুসলিম ভাইকে শোধরাতে চান, যা অনেক সময়ই শালীনতা ও ভদ্রতার সীমানা ভেঙ্গে দেয়। আর অশালীন ও অভদ্রভাবে কাউকে আক্রমণ করা হলে অনেকে ক্ষেত্রেই সেই ব্যক্তি নিজের ভুল বুঝতে পারলেও নিজের সম্মানের কথা চিন্তা করে আক্রমণকারী ব্যক্তির বিরুদ্ধাচরণ করেন।

সবার মানসিকতা বা বিচক্ষণতাও যেহেতু এক রকম নয়, তাই মানুষ ভেদে একেকজনের আচরণ ভিন্ন হতেই পারে। তাই দায়ীর জন্য অপরিহার্য হলো, যদি কারো সমালোচনা করতেই হয়, কিংবা কারো কোনো ভুল শোধরানোর উদ্যোগ নিতেই হয় তবে তা এমনভাবে করা, যাতে করে সেই ভাই ও সেই দল নিজেদেরকে 'আক্রান্ত' মনে না করে। আপন ভাই হিসেবে অপর ভাইয়ের কল্যাণ কামনা করে তাকে শোধরানোর চেষ্টা করা যেতে পারে। কিন্তু অহেতুক ছুতা-নাতায় তীব্র আক্রমণ কখনই কাম্য নয়। এভাবে কেবলমাত্র আভ্যন্তরীণ বিভেদ ও কোন্দল বৃদ্ধি ছাড়া উম্মাহর অন্য কোনো ফায়দা কখনোই সম্ভব নয়। এর প্রমাণ অতীত ও বর্তমানে অনেক রয়েছে।
বর্তমানে এমন কিছু ভাইদের দেখা পাওয়া যাচ্ছে যারা না জেনে বা সামান্য জেনে কিংবা ভুল বুঝেও বিভ্রান্তি সৃষ্টি করছেন। এদের কেউ কেউ 'রফয়ে ইয়াদাইন' -এর মাসআলায় তাদের সাথে দ্বিমত পোষণকারীদেরকে অবলীলায় 'কাফের' বলে ফতোয়া দিতে সামান্যও দেরি করছেন না। এছাড়াও নামাজে আমীন আস্তে বা জোরে বলা, তারাবীহ নামাজের রাকাত সংখ্যা, ঈদের

https://kitabbhubon.com

তাকবীর ইত্যকার মতবিরোধপূর্ণ মুস্তাহাব ও নফল মাসআলায় ভিন্নমত গ্রহণকারীদের উপর নিজেদের পান্ডিত্য জাহির করে, নিজেদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করে, মুসলিম উম্মাহকে তার মূল সমস্যা ভুলিয়ে অপ্রয়োজনীয় ও অনাবশ্যক কাজে ব্যস্ত রাখার অপপ্রয়াস পাচ্ছে। অথচ ইখতিলাফপূর্ণ এই সকল বিষয়ে পক্ষে বিপক্ষে উভয়ের কাছেই কুরআন ও সুন্নাহর দলীল রয়েছে। এমন বিষয়ে বাড়াবাড়ি করাটাই অনুচিত। কিন্তু তারা নিজেদের কর্মকান্ডে অনঢ়।

পক্ষান্তরে মহান আল্লাহর স্বার্বভৌমত্বের বিরুদ্ধে প্রকাশ্য বিদ্রোহ করে, আল্লাহর দেয়া আইন ও বিধান লংঘন করে, কুরআন ও সুন্নাহর পূর্ণাঙ্গ শাসনের পরিবর্তে নিজেদের মন মতো আইন ও বিধান দ্বারা দেশ পরিচালনার মতো সুস্পষ্ট কুফুরী কাজের পরও, আল্লাহর পরিবর্তে নিজেদেরকে রব ও ইলাহের আসনে বসানোর পরও মুসলিম উম্মাহর গাদ্দার শাসক আর জালিম সরকারগুলোকে ফাসিক বলতেও তারা 'শরম' পান। বরং নিজেদের সামান্য স্বার্থের জন্য অনেক সময় তারা আমেরিকার দোসর ঐ সকল তাগুত শাসকদের আনুগত্য করার জন্যই মুসলিমদেরকে নসীহত করতে উদগ্রীব হয়ে ওঠে। শাসকদের ইচ্ছা অনুযায়ী ফতোয়া দিয়ে তাদের 'গৃহপালিত' ভৃত্যের কাতারে নিজেদেরকে নামিয়ে আনেন। অথচ অনতিবিলম্বে এই সকল তাগুতকে অপসারণ করে ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠা করাই ছিলো মুসলিম উম্মাহ্র প্রধান দায়িত্ব।

এছাড়া কিছু শীর্ষ ইসলামী পন্ডিত ব্যক্তিও বর্তমানে মুসলিম সমাজে অনেকগুলো অপ্রয়োজনীয় ও তুলনামূলক কম গুরুত্বপূর্ণ বিষয়ে মুসলিমদের এক বিশাল জনগোষ্ঠীকে ব্যস্ত রেখেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নূরের তৈরী না মাটির তৈরী? রাসূল হাজির নাজির কি না? ইত্যাদি বিষয়ে তারা বিশাল আয়োজন করে পক্ষে-বিপক্ষে গণজাগরণ তুললেও আসলে আমাদের সবার জন্য রাসূল সা. কে পরিপূর্ণভাবে অনুসরণ করাই যে প্রধান দায়িত্ব ছিলো, সেটি বলেন না বা রাসূলের সুন্নাহ ও জীবন পদ্ধতি অনুযায়ী সমাজ ও রাষ্ট্র পরিচালনা যে ফরজ সে বিষয়ে টু শব্দও করেন না।
বর্তমান বিশ্বপ্রেক্ষাপটে এই সকল অপ্রয়োজনীয় বিতর্কে মুসলিমদেরকে বিভোর রাখা ও তাদের মূল্যবান সময় নষ্ট করার সহজ অর্থ হচ্ছে মুসলিম গণহত্যা অব্যাহত রাখতে কাফিরদেরকে সহযোগিতা করা। **কারণ মুসলিম উম্মাহর উপর দিয়ে বয়ে যাওয়া কালবৈশাখী ঝড়ের এই ভয়াবহ রাতে 'মশার কামড়' থেকে বাঁচতে মশারী খোঁজা কিংবা সামনে দন্ডায়মান হিংস্র হায়েনার**

https://kitabbhubon.com

উপস্থিতিতে পিঁপড়ে তাড়ানোর জন্য ব্যাকুল হওয়া, ব্যক্তির অসুস্থ মস্তিস্ক কিংবা আত্মঘাতি হওয়ার অদম্য আগ্রহকেই প্রকাশ করে।

আমরা নিজেরা নিজেদের মধ্যে বিবাদ ও কলহে লিপ্ত হয়ে কাদেরকে সহযোগিতা করছি তা কি আমরা একবারও ভেবে দেখেছি?

যখন মুসলিম উম্মাহর লাশের স্তূপ সরাবার মতো কেউ নেই, ইসলামিক রাষ্ট্র ও মুসলিম খলীফার অবিদ্যমানতার কারণে যখন কাফিরদের উপর আক্রমণাত্মক জিহাদ, কিসাস ও হুদুদ বাস্তবায়ন দু:সাধ্য হয়ে গেছে, তখন সবার আগে প্রয়োজন হলো অন্তত: ইসলামের ভিত্তিতে একটি বৃহৎ মুসলিম ঐক্য তৈরী করে ইসলামিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া।

তাই আজ আমাদের পরিষ্কারভাবে মনে রাখতে হবে যে, বর্তমান বিশ্বপ্রেক্ষাপটে মুসলিম উম্মাহর জন্য একমাত্র ফরজ কিংবা হারাম বিষয় ছাড়া কোনো মুস্তাহাব ও নফল বিষয়ে অহেতুক তর্ক-বিতর্কে বেশি সময় নষ্ট করার কোনো অবকাশ নেই। এর চেঁয়েও বড় কথা হলো, বর্তমানে মুসলিম উম্মাহর সামনে সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা হলো তাদের একটি আদর্শিক রাষ্ট্রব্যবস্থা না থাকা। একজন খলীফার অধীনে মুসলিমরা ঐক্যবদ্ধ না থাকার ফলেই মুসলিমদের মধ্যে সাইড এ্যাফেক্ট হিসেবে আরো বিভিন্ন সমস্যার উদ্ভব হচ্ছে। উপসর্গ হিসেবে বিভিন্ন মতপার্থক্য ও ইখতেলাফ এসেছে। হয়তো অনেকের কিছু বিচ্যুতিও হয়েছে। এখন এই বিচ্যুতিগুলোর সমাধানের জন্য সবার আগে মুসলিম বৃহৎ ঐক্য ও ইসলামিক রাষ্ট্রব্যবস্থা দরকার। মুসলিমদের একজন আমীর বা খলীফা থাকলে তিনি উম্মাহ্র নেতৃস্থানীয়দের সাথে মশওয়ারার ভিত্তিতেই এধরণের শত সমস্যার সমাধান এক নিমিষেই করে দিতেন। কিন্তু মুসলিমদের খলীফা বা আমীর না থাকার কারণে একদল আরেক দলের যতই বিরোধীতা করুক না কেন, এই সকল সমস্যার সমাধান হয় নি, হবেও না। এরকম আরো শত-সহস্র সমস্যা আছে, শত চেষ্টা করেও তারা যার একটিরও সমাধান করতে পারেন নি, সম্ভবও না।

রোগ হয়েছে ক্যান্সার। ক্যান্সারের উপসর্গ হিসেবে জ্বর এসেছে শরীরে। এখন এই জ্বর নিরাময়ের জন্য রোগীকে যতই প্যারাসিটামল খাওয়ানো হোক না কেন, তার জ্বর কিন্তু সারবে না। সাময়িক আরামবোধ হলেও অপারেশানের মাধ্যমে ক্যান্সারের মূল উপড়ানোর আগ পর্যন্ত রোগী সুস্থ হবে না। বিষয়টি আমাদেরকে গভীরভাবে বুঝতে হবে।

আজকে যারা মুসলিম নেতৃবৃন্দকে বিভ্রান্ত করছেন, মুসলিমদের মধ্যে বিভেদ ও বিশৃংখলা সৃষ্টি করার জন্য ফরজ ও হারাম বিষয়ে খেয়াল না দিয়ে মুস্তাহাব ও

https://kitabbhubon.com

নফল বিষয়ে অহেতুক মতপার্থক্য বাড়াচ্ছেন, তাদের কেউ কেউ বুঝে শুনেই এমনটি করলেও অনেকেই **না বুঝে ইখলাসের সাথে এমন মারাত্মক গুনাহ করছেন**। তবে যেভাবেই হোক না কেন এজন্য তাদেরকে অবশ্যই মহান আল্লাহর কিয়ামতের দিন কঠিন শাস্তি পেতে হবে, এতে কোনো সন্দেহ নেই। ইসলাম হচ্ছে একটি পূর্ণাঙ্গ দ্বীন, নিছক কোন ধর্ম নয়। তাই ইসলামিক রাষ্ট্রব্যবস্থা ছাড়া একজন মুসলিম একদিকে যেমন আল্লাহর পূর্ণ আনুগত্য করতে পারে না, তেমনি পারে না প্রাত্যহিক জীবন-যাপনে পূর্ণাঙ্গ শরীয়ার অনুসরণ করতে। বরং আল্লাহর আইনের পরিবর্তে মানব রচিত আইনে বিচার-ফায়সালা, মদ, জুয়া, সূদ, পতিতাবৃত্তির মতো কুরআন ও সুন্নাহর সাথে পুরোপুরি সাংঘর্ষিক হারাম বিষয়কে হালালভাবে গ্রহণ করতে বাধ্য হয়। যার বাস্তব উদাহরণ আমাদের আজকের রাষ্ট্র ও সমাজ।

কুরআন সুন্নাহ এবং বর্তমান বিশ্বের বাস্তবতার আলোকে সকল ইসলামী সংগঠন ও প্রতিটি মুসলিমের উপর আজকের সবচেয়ে গুরুত্বপূর্ণ আবশ্যিক ফরজ দায়িত্ব হচ্ছে ঈমান ও তাওহীদের বিষয়টি জনগণের কাছে সুস্পষ্টভাবে তুলে ধরা। মানব রচিত এই গণতন্ত্র ও কুফুরী শাসনব্যবস্থাকে অপসারণ করে এর স্থলে মহান আল্লাহর স্বার্বভৌমত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে মুসলিম জনগণকে সচেতন করা এবং একটি বৃহৎ বিপ্লবের প্রেক্ষাপট রচনা করা। ইসলামের জন্য কাজ করে যাওয়া সকল সংগঠন ও সকল পর্যায়ের নেতা-কর্মীদের এক বৃহত্তর ঐক্য ছাড়া এই উম্মাহর বর্তমান অবস্থার অবসান সম্ভব নয়। এই বৃহত্তর ঐক্যের জন্য প্রত্যেককেই ত্যাগ স্বীকার করতে হবে। নিজেদের সামান্য পছন্দ-অপছন্দকে বিসর্জন দিতে মহান আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য। নীরবে-নিভৃতে কাজ করে যাওয়া ইসলামী সংগঠনসমূ ও তার নেতাকর্মীরা যত শীঘ্র এই কঠিন বাস্ত বতা উপলব্ধি করতে পারবেন ততই মঙ্গল।

আজ সকল মুসলিম নেতৃবৃন্দ ও মাশায়েখদেরকে নিজ নিজ পরামর্শক ও ভক্ত-মুরীদদের অতি উৎসাহ ও বক্তব্যে প্রভাবিত না হয়ে বাস্তবিক সত্য অনুসন্ধান করা উচিত। না হলে এই উম্মাহ্ আবারও সেই 'জঙ্গে জামাল' আর 'জঙ্গে সিফফীনে'র ভ্রাতৃঘাতি সজ্ঘাতের কবলে পড়বে।
মুসলিম উম্মাহর মধ্যকার বিভেদ আর না বাড়িয়ে বরং উম্মাহকে উপরোক্ত লক্ষ্যে ঐক্যবদ্ধ করাই হোক আমাদের আজকের কর্মসূচী। মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদেরকে সেই তাওফীক দিন। আমীন।

বিনীত: -**মুহাম্মাদ ইসহাক খান**
Email: ishak.khan40@gmail.com

https://kitabbhubon.com

আপনার সংগ্রহে রাখার মতো আমাদের বইসমূহ

০১) রাসূল এলেন মদীনায়
০২) বিজয়ের পদধ্বনি
০৩) অটুট ঈমান
০৪) পিঁপড়ের উপদেশ
০৫) সংস্কৃতি বিনোদন রাজনীতি
০৬) এসো বক্তৃতা শিখি-১-১০। ভলিউম ১-৩
০৭) আল কুরআনের বুদ্ধিবৃত্তিক প্রমাণ
০৮) (কুরআন হাদীসের আলোকে) জিহাদ কি ও কেন?
০৯) জিহাদ বিভ্রান্তি নিরসন
১০) প্রিয়নবী সা. কে অবমাননার শাস্তি
১১) আল্লাহ্ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন
১২) ইসলাম ও কুফরের মধ্যকার মনস্তাত্ত্বিক লড়াই
১৩) কেনো এই মিথ্যাচার?
১৪) নারীর সম্মান, মর্যাদা ও অধিকার (প্রকাশের পথে)
১৫) সত্যের সৈনিক (প্রকাশের পথে)

https://kitabbhubon.com

يَأَيُّهَا الَّذِينَ ءَامَنُواْ لاَ تَتَّخِذُواْ بِطَانَةً مِّن دُونِكُمْ لاَ يَأْلُونَكُمْ خَبَالاً وَدُّواْ مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَآءُ مِنْ أَفْوَٰهِهِمْ وَمَا تُخْفِى صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الاْيَـٰتِ إِنْ كُنتُمْ تَعْقِلُونَ.

অর্থ, "হে ঈমানদারগণ! তোমরা মু'মিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধু রূপে গ্রহণ করো না। কেননা, তারা (সুযোগ পেলে) তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করবে না। তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতা প্রসূত বিদ্বেষ তাদের মুখ ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকায়িত রয়েছে তা আরো অনেক গুণ বেশি জঘণ্য। তোমাদের জন্য নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেওয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সক্ষম হও।"[১]

---

[১] সূরা আলে ইমরান, আয়াত: ১১৮।

https://kitabbhubon.com

মনস্তাত্ত্বিক লড়াই

প্রিয় ভাই ও বোনেরা!

আস সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

সকল প্রশংসা মহান আল্লাহ সুবঃ এর জন্য যিনি বিশ্ব জাহানের প্রতিপালক। সালাত ও সালাম বর্ষিত হোক বিশ্বনবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর।
আমরা আল্লাহ আযযা ওয়া জাল্লার কাছে দোয়া করি, যেনো তিনি আমাদের সকল নেক আমল গুলোকে দয়া করে কবুল করে নেন। আমরা আরো দোয়া করি যেন মহান আল্লাহ সুবঃ আমাদেরকে কল্যাণময় ইলম দান করেন। 'আল্লাহুম্মা ইন্না নাসআলুকা ইলমান নাফিয়া ওয়া নাউযুবিকা মিন ইলমিন লা ইয়ানফা'।

পূর্ব ঘোষণা অনুযায়ী আমাদের আজকের আলোচ্য বিষয় হলো- 'মনস্তাত্ত্বিক যুদ্ধ। আমি আজকের আলোচনার শুরুতেই আপনাদেরকে ২০০৭ সালে র‍্যান্ড ইনষ্টিটিউশন কর্তৃক Civil Democratic Islam[2] শিরোনামে প্রকাশিত রিপোর্টের একটি অংশ পড়ে শোনাবো। রিপোর্টটির এক জায়গায় বলা হয়েছে,
"The struggle under way throughout much of the muslim world is essentially a war of ideas, its outcome wil determine the tuture direction if the muslim world"
অর্থঃ "গোটা মুসলিম বিশ্বে আজ তাদের নিজেদের মধ্যে একটি লড়াই চলছে। যে লড়াই হলো মূলতঃ বিশ্বাস ও মতাদর্শের লড়াই। এই লড়াইয়ের ফলাফলই নির্ধারণ করবে মুসলিম বিশ্বের ভবিষ্যত কী হবে।"
এটি আসলেও সত্য যে গোটা মুসলিম বিশ্ব জুড়েই বর্তমানে বিশ্বাস ও মতাদর্শের এক মনস্তাত্ত্বিক লড়াই চলছে। এই লড়াই যদিও চলছে মুসলিম

---

[2] Civil Democratic Islam বইটি ইংরেজিতে পড়তে চাইলে ভিজিট করুন http://www.rand.org

https://kitabbhubon.com

বিশ্বে কিন্তু এই লড়াই উস্কে দেয়ার পেছনে আমেরিকার ঘৃণ্য মদদ রয়েছে। মুসলিম জাতির আভ্যন্তরীণ এই আদর্শিক লড়াইয়ে আমেরিকার ভূমিকা কি তা আমাদের কাছে স্পষ্ট হয়ে উঠবে এ বিষয় সম্পর্কে অন্য আর একটি রিপোর্ট পড়লেই। আমেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের চতুর্মাসিক এক রিপোর্টে বলা হয়েছে,

The United states is involved in a war that is both a battle of arms and battle of ideas. A war in which, ultimate victory, will be achieved only when extremist ideologies are discredited in the eyes of their host populations and passive supporters."

অর্থ: "ইউনাইটেড স্টেট বর্তমানে এমনই এক যুদ্ধে লিপ্ত যা একই সাথে সামরিক ও আদর্শিক। এ যুদ্ধে চূড়ান্ত বিজয় কেবল তখনই অর্জিত হওয়া সম্ভব যখন চরমপন্থীদেরকে (মুজাহিদদেরকে) তাদের নিজ জাতি, পরোক্ষ সমর্থক ও আপন জনগণের চোখে খারাপ ও কলঙ্কিত করে তোলা যাবে।"

তাহলে আমরা দেখতে পেলাম যে, র‍্যান্ড ও পেন্টাগনের মতে মুসলিম বিশ্বের জনগণের নিজেদের মধ্যে এক মারাত্মক আদর্শিক দন্দ্ব সংঘাত চলছে এবং তাদের কথা এক্ষেত্রে আসলেও সত্য। তবে এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো মুসলমানদের এই আভ্যন্তরীণ দ্বন্দ্ব সংঘাতে আমেরিকার সম্পৃক্ততা কতোখানি, এর পেছনে তাদের স্বার্থ কি এবং আমাদের আরো জানা দরকার যে মুসলিম জনগণের মধ্যে এই দ্বন্দ্ব সংঘাতের পক্ষ প্রতিপক্ষ কারা?

আপনাদের সদয় অবগতির জন্য বলছি, এই দন্দ্ব সংঘাতের এক পক্ষ হলো সেই সব একনিষ্ঠ তাওহীদবাদী মুসলিমগণ, যারা আল্লাহর দ্বীনকে পূর্ণাঙ্গভাবে এবং হুবহু সেইভাবে অনুসরণ করতে চান, যেভাবে মহান আল্লাহর তরফ থেকে তাঁর নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর নাযিল হয়েছে।

দ্বিতীয় পক্ষ হলো তারা যারা আল্লাহর দ্বীনকে পরিপূর্ণরূপে মানতে রাজি নয়, বরং তারা কেবল দ্বীনের ততোটুকু মানতে চায় যতোটুকু তাদের

https://kitabbhubon.com

মনোপুত হয়, যতোটুকু মানতে তাদেরকে তেমন কোনো কষ্ট ক্লেশ স্বীকার করা কিংবা ত্যাগ তিতিক্ষার প্রয়োজন হয় না এবং তাও কেবল সেভাবে মানতে চায় যেভাবে সমাজে প্রচলিত কিংবা বাপ-দাদারা করে এসেছে। আর আল্লাহর অন্যান্য হুকুমগুলোকে তারা অবলিলায় উপেক্ষা ও প্রত্যাখ্যান করে যায়।

তবে এই পরিস্থিতি মুসলিম জাতির ইতিহাসে নতুন কিছু নয়। বরং প্রত্যেক যুগেই আহলুল হক বা আপোষহীন সত্যপন্থীররা যেমন থাকেন তেমনি সত্যপথ থেকে বিচ্যুত একদল বাতিলপন্থী কুচক্রিও থাকে। মুসলিম জাতির গোটা ইতিহাসের সাথে আল্লাহ তা'আলা এই দ্বন্দ্ব সংঘাতকে এক অবিচ্ছেদ্য অংশ বানিয়ে রেখেছেন। এমনকি উম্মাতে মুহাম্মাদীর পূর্বেকার অন্যান্য ঈমানদ্বার উম্মাতের মাঝেও এই সমস্যা বিদ্যমান ছিলো। যেমন বনী ইসরাঈল জাতি। তাদের মধ্যে যেমন সত্যপন্থিরা ছিলেন তেমনি ছিলো সেই সব কুচক্রি দল, যাদের ব্যাপারে মহান আল্লাহ বলেছেন,

فَبِمَا نَقْضِهِمْ مِيثَاقَهُمْ لَعَنَّاهُمْ وَجَعَلْنَا قُلُوبَهُمْ قَاسِيَةً يُحَرِّفُونَ الْكَلِمَ عَنْ مَوَاضِعِهِ وَنَسُوا حَظًّا مِمَّا ذُكِّرُوا بِهِ وَلَا تَزَالُ تَطَّلِعُ عَلَى خَائِنَةٍ مِنْهُمْ إِلَّا قَلِيلًا مِنْهُمْ فَاعْفُ عَنْهُمْ وَاصْفَحْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ.

অর্থ: "সুতরাং তারা তাদের অঙ্গীকার ভঙ্গের কারণে আমি তাদেরকে লা'নত দিয়েছি এবং তাদের অন্তরসমূহকে করেছি কঠোর। **তারা আল্লাহর কালামকে তার সঠিক অর্থ থেকে বিকৃত করে ফেলতো** এবং তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছে, তার একটি অংশ তারা ভুলে গিয়েছে এবং তুমি তাদের থেকে খিয়ানত সম্পর্কে অবগত হতে থাকবে, তাদের অল্প সংখ্যক ছাড়া।"[৩]

এই কুচক্রির দল আল্লাহর কিতাব তাওরাতের আয়াতসমূহকে বিভিন্নভাবে বিভিন্ন কারণে বিকৃত করতো। কারণসমূহের মধ্যে একটি কারণ ছিলো শাসকদের চাটুকারীতা ও পদলেহন করে তাদেরকে খুশী করা। তারা

---

[৩] সূরা মায়েদা, আয়াত ১৩

https://kitabbhubon.com

বিভিন্ন সময় বিভিন্ন শাসকদের অধীনে থাকার কারণে একেক শাসককে খুশী করার জন্য যখন যেমন দরকার তেমন করে আল্লাহর কালামকে বিকৃত করতো। যেমন তারা এক সময় রোমান সম্রাজ্যের অধীনে বসবাস করতো। আর তখন রোমানরা ছিলো পৌত্তলিক। তারা ব্যবিলন শাসকের অধীনেও বসবাস করেছে, আর তারাও ছিলো পৌত্তলিক।

বিভিন্ন তাফসীর গ্রন্থে উল্লেখিত ঘটনা অনুযায়ী বনী ইসরাঈলের রাবাইরা (আলেম-উলামারা) ব্যবিলন শাসককে খুশী করার জন্য এক মহিলার সাথে তার অবৈধ সম্পর্ক রাখাকে বৈধতা দিয়ে ফতোয়া জারী করেছিলো। শুধু একজন মানুষকে খুশী করার জন্য তারা গোটা বিশ্বজাহানের মালিক আল্লাহ আযযা ওয়া জাল্লার বিধানকে পরিবর্তন করে ফেলেছিলো।
এখন লক্ষ্য করার বিষয় হলো, মুসলিম সমাজের এই আভ্যন্তরীণ আদর্শিক সমস্যার ব্যাপারে এই অমুসলিমদের এতো আগ্রহ ও সম্পৃক্ততা কেন?

কেনো তারা এই দ্বন্দ্ব সংঘাতে একটি পক্ষ হিসেবে আবির্ভুত হলো?

এই প্রশ্নের উত্তর পেতে ইউএস নিউজ এবং ওয়ার্ল্ড রিপোর্টের একটি বক্তব্য এ প্রসঙ্গে আমি আপনাদের সামনে তুলে ধরছি,
Today Washington is fighting back after repeated missteps since the 911 attacks, the US government has embarked on a campaign of political warfare unmatched, since the height of the cold war. From military psychological operations teams and CIA covert operatives to openly funded media and think tanks, Washington is plowing tens of millions of dollars into a campaign to influence not only Muslim societies but islam itself."
অর্থ: "৯/১১ এর আক্রমণের পর বারবার ভুল পদক্ষেপ নিলেও ওয়াশিংটন এখন ঠিকই লক্ষ্যভেদী পাল্টা আক্রমণ হেনে যাচ্ছে। স্নায়ু যুদ্ধ পরবর্তী সময়ের চেয়েও আরো ব্যাপক রাজনৈতিক যুদ্ধের প্রচারণা চালিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র সরকার। সামরিক মনস্তাত্ত্বিক যুদ্ধ এবং সিআইএ এর গোপন অভিযান পরিচালনাকারী দলগুলো গণমাধ্যম (রেডিও, টিভি সংবাদপত্র)

https://kitabbhubon.com

এবং বিভিন্ন দেশের বুদ্ধিজীবিদের প্রকাশ্যে অর্থনৈতিক সাহায্য দেয়া আরম্ভ করেছে। ওয়াশিংটন মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করে যাচ্ছে এমন এক প্রচারণায় যার উদ্দেশ্য কেবল মুসলিম সমাজকেই প্রভাবিত করা নয়; বরং স্বয়ং ইসলামকেও বিকৃত করে ফেলা।"

আমরা আপনাদেরকে আবারও স্মরণ করিয়ে দিতে চাই, এখানে তারা স্বয়ং ইসলামকে পরিবর্তন করে বিকৃত করে ফেলতে চাইছে। ইউ এস এ নির্লজ্জের মতো প্রকাশ্যে ঘোষণা দিয়ে বলছে যে, "আমাদের একান্ত ইচ্ছা হলো যে আমরা শুধু মুসলিম সোসাইটিকে প্রভাবিত করতে পেরেই সন্তুষ্ট নই, আমরা তাদের ধর্মকেই পরিবর্তন করে ফেলতে চাই।"

বনী ইসরাঈলের সময় যেসব রাবাইরা আল্লাহর কিতাবকে বিকৃত করেছিলো তারাও তা প্রকাশ্যে ঘোষণা দিয়ে করার সাহস পায় নি, আর এরা কোনো রকম রাখ ঢাক না রেখে প্রকাশ্যে ঘোষণা দিয়ে বলছে যে, "আমরা ইসলামকে বদলে ফেলতে চাই।"

ইউএস নিউজ এন্ড ওয়ার্ল্ড রিপোর্ট এরপর বলছে,

In at least to dozen countries, Washington has quietly funded islamic radio and TV shows, cours work in Muslim schools, Muslim think tanks, poitical workshops or other programs that promote moderate islam. Federal aid is going to restore Mosques, to print Quran even build islamic schools."

অর্থ: "ওয়াশিংটন গোপনে কমপক্ষে দুই ডজন দেশে অর্থ সাহায্য দিয়ে যাচ্ছে। (তাদের প্রণীত) মড়ারেট ইসলামকে জনপ্রিয় করারর উদ্দেশ্যে রেডিও টেলিভিশনে ইসলামী অনুষ্ঠান (!) প্রচার, মুসলিম স্কুলে বিভিন্ন কোর্স চালু করা, রাজনৈতিক কর্মশালা করা, 'মুসলিম' বুদ্ধিজীবিদের ক্রয় করা, মসজিদ নির্মাণ, কুরআন প্রকাশনা, ইসলামী স্কুল প্রতিষ্ঠা ইত্যাদি কর্মকান্ডের জন্য যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য দিয়ে যাচ্ছে।"

https://kitabbhubon.com

আমরা এখানে দেখতে পাচ্ছি যে তারা তাদের প্রণীত আধুনিক ইসলামের প্রচার ও প্রসারের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করে যাচ্ছে।

প্রিয় ভাই ও বোনেরা!

একজন সত্যিকার মুসলিম, যার অন্তরে মহান আল্লাহর জন্য সামান্যতম ভালোবাসা বিদ্যমান আছে- যখন সে শুনবে যে অমুসলিমরা ইসলামকে বিকৃত ও পরিবর্তন করে ফেলতে চায়, তখন তার প্রচন্ড রাগে ও ক্ষোভে ফেটে পড়া উচিত।

কতো বড়ো দুঃসাহস তোমাদের! তোমাদেরকে এই অধিকার কে দিয়েছে যে তোমরা ইসলামের সংজ্ঞা দেয়ার দুঃসাহস দেখাচ্ছো?

কি হাস্যকর ব্যাপার!

প্রেসিডেন্ট বুশ মাইক্রোফোনের সামনে দাঁড়িয়ে আমাদেরকে শেখানোর জন্য ইসলামের উপর খুৎবা দিচ্ছে!

২০০২ সনে এক অনুষ্ঠানে 'খুৎবা' দেয়ার সময় সে বলেছে 'ইসলাম এমন এক ধর্ম যা বিশ্বের কোটি কোটি মানুষের মনে প্রশান্তির পরশ বুলিয়ে দেয় এবং সকল ধর্মের মানুষের মধ্যে ভাতৃত্ব বন্ধন সৃষ্টি করেছে। এটা ভালোবাসার ধর্ম, ঘৃণার ধর্ম নয়।"

হ্যাঁ, তাঁর কথা সত্য, আমরা অবশ্যই স্বীকার করছি যে ইসলাম লক্ষ লক্ষ মানুষের মনে প্রশান্তি এনেছে, ইসলাম বিভিন্ন জাতি গোষ্ঠির মানুষের মধ্যে এমন ভাতৃত্ব বন্ধন সৃষ্টি করেছে যা ঘৃণার উপর নয় বরং ভালোবাসার উপর প্রতিষ্ঠিত... ইত্যাদি ইত্যাদি...

আমরা মেনে নিচ্ছি যে একটা পর্যায় পর্যন্ত তার কথা ঠিক আছে। কিন্তু প্রশ্ন হলো ইসলাম কি এবং কি নয় তা বলার বুশ কে?

কে তাকে দায়িত্ব দিয়েছে ইসলাম সম্পর্কে 'খুৎবা' দেয়ার!

সকল প্রশংসা আল্লাহর জন্য নিবেদিত, তিনি আমাদেরকে হেফাজত করুন! আমরা দেখতে পেয়েছি কিছু (বেকুব) মুসলিমরা ইসলাম সম্পর্কে বুশের মন্তব্য শুনে আনন্দে আত্মহারা হয়ে গিয়েছিলো! কিন্তু আমাদেরকে মনে

https://kitabbhubon.com

রাখতে হবে যে তাদের এই আচরণ কেবল তাদের ঔদ্ধত্ব ও অহংকারই প্রকাশ করে এবং অধঃস্তন লোকদের প্রতি মানুষ অনেক সময় যেমন করুণার পাত্র সুলভ আচরণ করে এই কাফিররা মুসলিমদের প্রতি তেমন মনোভাবই পোষণ করে। যেনো তারা মনে করছে যে মুসলমানদের মধ্যে এমন লোকদের মারাত্মক শূন্যতা দেখা দিয়েছে যারা তাদেরকে বলে দিবে যে ইসলাম কি এবং কি নয়!

তবে আশার কথা হলো, তাদের এই মানসিকতা অনেকের কাছেই ধরা পড়ে গেছে। এমনকি তাদেরই মতো অমুসলিম সমালোচকদেরও বিষয়টি দৃষ্টি আকর্ষণ করেছে। যেমন তাদের এই সমালোচক ব্যাঙ্গাত্মকভাবে বলে ফেলেছে যে,

“আজকাল রাজনৈতিক নেতাদের কথাবার্তা শুনে মনে হচ্ছে যে, তারা যেন ইসলামিক ষ্টাডিজে সদ্য স্নাতোকত্তোর ডিগ্রি লাভ করেছেন যা তাদেরকে উদ্বুদ্ধ করছে ইসলামের আসল চরিত্র বৈশিষ্ট্যের উপর জনগণকে বক্তৃতা দিয়ে শোনাতে।”

র‍্যান্ড প্রকাশিত অন্য একটি রিপোর্ট থেকে উদ্ধৃতি দেয়ার পূর্বে আমি আপনাদের কাছে এই সংস্থাটির সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার প্রয়োজন বোধ করছি।

‘র‍্যান্ড’ হলো একটি অলাভজনক গবেষণাধর্মী প্রতিষ্ঠান, যার রয়েছে ১৬শত কর্মকর্তা-কর্মচারীর এক বিশাল কর্মী বাহিনী। এই সংস্থাটি ইউএস এর প্রতিরক্ষা মন্ত্রণালয়কে বিভিন্ন বিষয়ের উপর গবেষণাধর্মী রিপোর্ট সরবরাহ করে থাকে। সুতরাং এটা স্পষ্ট যে পেন্টাগনের সাথে এর গভীর প্রভাব বিস্তারকারী সম্পর্ক রয়েছে এবং তারা এই বিষয়ের উপর একাধিক নিবন্ধও প্রকাশ করেছে। আজকের এই আলোচনায় আমি তাদের প্রকাশিত নিবন্ধ থেকে বিভিন্ন উদ্ধৃতি পেশ করবো ইনশাআল্লাহ।

https://kitabbhubon.com

সিভিল ডেমোক্রেটিক ইসলাম

'র‍্যান্ড' প্রকাশিত যে রিপোর্টটির উপর আমি আজ সবচেয়ে বেশি আলোচনা করবো তার শিরোনাম হলো **'সিভিল ডেমোক্রেটিক ইসলাম (!)'**।
আপনাদের সদয় অবগতির জন্য এই রিপোর্টটি প্রস্তুতকারিনীর সংক্ষিপ্ত পরিচয় আমি আপনাদের সামনে তুলে ধরছি।

এই প্রতিবেদিকার নাম হলো শেরিল বার্নার্ড। সে নিজে একজন ইহুদী এবং সে বিয়ে করেছে ইসলামধর্ম ত্যাগকারী একজন মুরতাদকে যার নাম জালমে খলীলজাদ। এই ব্যক্তি যুক্তরাষ্ট্র সরকারের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। সে এক সময় জাতিসংঘে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছে। এরপর আফগানিস্তান ও ইরাকেও রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছে।
এই মুরতাদ যুক্তরাষ্ট্র সরকারের এতোই আস্থাভাজন ব্যক্তি যে তাকে সাধাররণতঃ বিভিন্ন স্পর্শকাতর পদে নিয়োগ দেয়া হয়।

এই শেরিল বার্নার্ড র‍্যান্ডের মাধ্যমে তার রচিত যে রিপোর্টটি প্রকাশ করেছে তার শিরোনাম হলো 'সিভিল ডেমোক্রেটিক ইসলাম।' রিপোর্টের শিরোনামই আপনাকে বলে দিবে তারা কেমন ইসলাম চায়। কেমন 'ইসলাম' তারা আমাদের উপর চাপাতে চায়। আর তারা নিছক প্রতিবেদন প্রকাশ করেই ক্ষ্যান্ত নয়, বরং তাদের ল্যাবরেটরীতে প্রস্তুতকৃত নতুন ইসলামকে আমাদের উপর চাপানোর জন্য তারা আমাদের বিরুদ্ধে সামরিক বাহিনীও পাঠাচ্ছে। আমাদেরকে তারা বাধ্য করছে তাদের বানানো ইসলামকে মানতে। আমরা যদি মুসলিম হয়ে তাকি, তাহলে আমাদের প্রত্যেকের উচিত এই ঔদ্ধত্যকে দমন করার জন্য ঐক্যবদ্ধ হয়ে কাজ করা।

https://kitabbhubon.com

সত্যিকার ইসলামকে দুনিয়া থেকে মুছে দেয়া ও তাদের প্রস্তুতকৃত মডারেট ইসলামের প্রচার প্রসারের জন্য আমেরিকার সরকারের কাছে তার দেয়া প্রস্তাবনাসমূহের কিছু আমি আপনাদের সামনে তুলে ধরছি।

তার প্রথম প্রস্তাবনাঃ

মডারেট মুসলিমদের লেখা বই, পুস্তক, প্রবন্ধ ইত্যাদি ভর্তুকী দিয়ে প্রকাশ করা

তাদের প্রস্তাবনা সম্পর্কে বিস্তারিত আলোচনার পূর্বে একটি বিষয় আমাদের জেনে নেয়া দরকার। আর তা হচ্ছে তাদের সংজ্ঞা অনুযায়ী কে মডারেট মুসলি। কে মডারেট মুসলিম আর কে মডারেট মুসলিম নয় তা নির্ধারণের জন্য তারা কিছু সুনির্দিষ্ট মানদন্ড নির্ধারণ করে দিয়েছে। যেমন,

ক. গণতন্ত্রমনা হতে হবে

মডারেট মুসলিম হওয়ার প্রথম শর্ত হলো আপনাকে গণতন্ত্র এবং গণতান্ত্রিক রীতি-নীতি, পথ ও পদ্ধতির প্রতি বিশ্বাসী হতে হবে।

আমাদের সমাজে আমরা এমন কিছু মুসলিম দাবীদারদের দেখা পাই, যারা গণতান্ত্রিক আদর্শে বিশ্বাসী এবং এদের ধূর্ত পণ্ডিতরা বলে বেড়ায় যে, **"ইসলামের শূরা আর পাশ্চাত্যের গণতন্ত্র তো একই রকম। বাস্তবে যদিও আমরা শূরায় বিশ্বাস করি কিন্তু আমরা যদি গণতন্ত্র শব্দটা ব্যবহার করি তাহলে তা পশ্চিমাদের কাছে অনেক বেশি গ্রহণযোগ্য হবে, কারণ তারা তো শূরা শব্দটির সাথে পরিচিত নয়।"** -ইত্যাদি অনেক রকম কথা একশ্রেণীর আপোষকামী মুসলিমরা বলে থাকে। তারা আরো মনে করে যে তারা যদি নিজেদেরকে গণতন্ত্রমনা হিসেবে পাশ্চাত্যের কাছে প্রমাণ করতে পারে তাহলে তাদের মুসলিম দেশের স্বৈরাচার শাসকদের উৎখাতের সংগ্রামে তারা সহজেই পশ্চিমাদের সাহায্য লাভ কতে পারবে।

https://kitabbhubon.com

কিন্তু আমরা যারা আল্লাহর নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনীত দ্বীনকে অনুসরণ করতে চাই, তাদেরকে মনে রাখতে হবে যে এই ধরণের আপোষকামী অবস্থাণ গ্রহণ করার আর দ্বীন ইসলাম ত্যাগ করা সমান কথা। কারণ,

প্রথমত: গণতন্ত্র পুরোটাই ইসলামের সাথে সাংঘর্ষিক। গণতন্ত্র এমন একটি জীবন ব্যবস্থা যার সাথে ইসলামের কোনোই সম্পর্ক নেই। ইসলাম একটি সম্পূর্ণ ভিন্ন জীবন ব্যবস্থা। আমি এদেরকে বলবো, আপনারা যদি সত্যিই ইসলামী রাষ্ট্র এবং এর শূরা ব্যবস্থার প্রতি আস্থা রাখেন, তাহলে শূরাকে শূরাই বলুন, গণতন্ত্র বলবেন না।

দ্বিতীয়ত: আপনার এই চালাকী তাদের সাথে চলবে না। কারণ তারা আপনার মতো বোকা নয়। তারা কোন ধরণের গণতন্ত্র মডারেট মুসলিমদের থেকে চায় তা বিস্তারিতভাবেই বলে দিয়েছে। তারা কোন গণতন্ত্র চায় তা বুঝাতে তারা বলেছে,

A commitment to democracy as understood in the liberal western tradition."

অর্থ: "গণতন্ত্রমনা বলতে সেই গণতন্ত্রের প্রতি আস্থাশীল হতে হবে, উদারনৈতিক পশ্চিমা ঐতিহ্যে গণতন্ত্র বলতে যা বুঝায়।"

অতএব আপনি ইসলামিক ধাঁচের যে গণতন্ত্রের কথা বলছেন তা দিয়ে আপনি তাদের কাছে কখনো গ্রহণযোগ্য মডারেট হতে পারবেন না। তারা আপনার কাছ থেকে তথাকথিত সম্পূর্ণ উদারনৈতিক পশ্চিমা ধাঁচের গণতন্ত্র ছাড়া অন্য কিছু গ্রহণ করবে না। এখানেই শেষ নয় তারা আরো অগ্রসর হয়ে বলে দিয়েছে যে,

"Support for democracy implies opposition to the concept of the islamic state."

অর্থ: "গণতন্ত্রের সমর্থক বলতে বোঝানো হচ্ছে ইসলামিক রাষ্ট্রের ধারণার সম্পূর্ণ বিরোধী হতে হবে।"

https://kitabbhubon.com

অতএব একজন মডারেট মুসলিম হলো এমন গণতন্ত্রে বিশ্বাসী যা ইসলামী রাষ্ট্রব্যবস্থার বিরোধী। এরপর তারা বলছে,

"It follows from the above that for a group to declare itself democratic, in the sense of favoring elections as the vehicle for establishing government as in the case of the present Egyptian Muslim brotherhood not enough."

অর্থ: "কোনো দল নিজেদেরকে গণতান্ত্রিক দল বলে দাবী করার অধিকার রাখবে না যদি গণতন্ত্রকে তারা নিছক ক্ষমতায় আরোহন ও সরকার গঠনের মাধ্যম মনে করে। যেমন মিশরের বর্তমান ইখওয়ানুল মুসলিমীন।"

খ. মডারেট মুসলিমদের দ্বিতীয় বৈশিষ্ট্য হলো, "Acceptance of non-sectarian sources of law" অর্থ: অসাম্প্রদায়িক (ধর্মনিরপেক্ষ) আইন গ্রহণ করা।"

অর্থাৎ আপনি মডারেট মুসলিম হতে চাইলে আপনাকে আল্লাহর আইন বাদ দিয়ে স্বেচ্ছায় মানবরচিত আইন মেনে নিতে হবে। কারণ তাদের দৃষ্টিতে মডারেট মুসলিম আর চরমপন্থী মৌলবাদী মুসলিমদের মধ্যে অন্যতম একটি পার্থক্য হলো এরা ইসলামী শরীয়া প্রয়োগ করতে চায় আর মডারেটরা শরীয়া চায় না। তারা আরো স্পষ্ট করে বলে দিয়েছে যে-

"The dividing line between moderate Muslims and radical Islamist is whether Sharia should apply"

অর্থ: "চরমপন্থী তথা সত্যিকার মুসলিম ও মডারেট ব্র্যান্ড মুসলিমদের মধ্যে আসল পার্থক্য হলো শরীয়া আইন চাওয়া ও না চাওয়া।"

অতএব তাদের বক্তব্য অনুযায়ী যে মুসলিম আল্লাহর শরীয়া আইন চায় সে হলো চরমপন্থী, আর মডারেট মুসলিম হলো তারা যারা আল্লাহর আইন বাদ দিয়ে ফ্রেঞ্চ আইন, বৃটিশ আইন, আমেরিকান আইন ও কুফফারদের রচিত বিভিন্ন আন্তর্জাতিক আইন সানন্দে মেনে নিবে।

https://kitabbhubon.com

গ. মডারেট মুসলিমদের তৃতীয় বৈশিষ্ট্য হলোঃ "Respect for the rights of wmen and religious minorities"
অর্থ: "নারী ও ধর্মীয় সংখ্যালঘুদের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন।"

হ্যাঁ আমরাও নারী অধিকার ও ধর্মীয় সংখ্যালঘুদের স্বাধীনতায় বিশ্বাস করি; তবে তা তাদের দেয়া সংজ্ঞা ও মানদন্ড অনুযায়ী নয়। কারণ, তাদের মতে ইসলামি রাষ্ট্র যদি হিজাব বাধ্যতামূলক করে তাহলে তা চরমপন্থা, ইহুদী খৃষ্টানদের উপর যদি জিযিয়া কর আরোপ করা হয় তাহলে তাদের কাছে তা মানবাধিকার লংঘন।

ঘ. মডারেট মুসলিমদের ৪র্থ বৈশিষ্ট্য হলোঃ "Opposition to terrorism and illegitimate violence."
অর্থ: "সন্ত্রাসবাদ ও অবৈধ সহিংসতার বিরোধী হতে হবে।"

তাদের এই কথার অর্থ হলো, যে মুসলিম তার নিজ দেশ দখলদারদের হাত থেকে রক্ষার জন্য যুদ্ধ করবে, দখলদারদেরকে প্রত্যাখ্যান করবে সেই হলো চরমপন্থী আর সন্ত্রাসী। আর মডারেট মুসলিম হলো সে যে আমেরিকান সৈন্যদেরকে তার নিজ দেশে আগ্রাসন চালানোর জন্য আহ্বান জানাবে, যার নিজের মান-মর্যাদা ও আত্মসম্মানবোধ বলতে কিছুই নেই।

মডারেট মুসলিম হওয়ার জন্য তাদের দেয়া শর্তগুলো পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে, মডারেট মুসলিম হলো একজন পরিপূর্ণ ধর্মত্যাগী মুরতাদ ও কাফির। তারা যে চারটি শর্ত দিয়েছে এর প্রত্যেকটি হলো এমন এক একটি কুফুরী মতাদর্শ যা গ্রহণ করলে একজন মুসলিম নিশ্চিতভাবে ইসলাম থেকে খারিজ হয়ে যায়।
তাই এখন থেকে আমি তাদেরকে মডারেট মুসলিম বলে সম্মোধন করবো না, বরং তাদেরকে বলবো **'র‍্যান্ড মুসলিম'** এটাই তাদের জন্য উপযুক্ত উপাধী।

https://kitabbhubon.com

এখানেই শেষ নয় এরপর তাদের একটা প্রশ্নপত্র আছে, যেটা তারা একজন মুসলিমের হাতে ধরিয়ে দিয়ে বলবে এগুলোর উত্তর দিন। এরপর তারা তার উত্তরের উপর ভিত্তি করে বলবে, সে কি মডারেট মুসলিম না চরমপন্থী মুসলিম।

আপনি সহজেই বুঝতে পারবেন তারা কেমন অহংকার ও ঔদ্ধত্য প্রদর্শন করছে এবং মুসলিমদের সাথে কেমন অধঃস্তনদের মতো করুণা সুলভ আচরণ করছে। তারা আমাদের আক্বীদা বিশ্বাস পরীক্ষা করছে এবং তারা আমাদেরকে মার্ক দিচ্ছে।

র‍্যান্ডের প্রশ্নপত্র হচ্ছে:

১. এই ব্যক্তি বা দল কি সহিংসতা (অর্থাৎ জিহাদকে) সমর্থন বা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে?

এখন সমর্থন না করলেও অতীতে কি কখনো সমর্থন করেছে বা জিহাদকে কখনো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখেছে?

অতএব আপনি যতোই জিহাদের বিরুদ্ধে কথা বলেন না কেন, আপনি কিংবা আপনার পূর্ব পুরুষদের কারো যদি জিহাদের ইতিহাস থাকে তবুও তারা আপনাকে ছাড়বে না।

২. তারা কি গণতন্ত্র সমর্থন করে?

করলে পশ্চিাম উদার গণতান্ত্রিক মানদন্ডে নির্ধারিত ব্যক্তি অধিকারকে সমর্থন করে কি?

৩. এরা কি (কুফফারদের রচিত) আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকে সমর্থন করে?

৪. এসব ক্ষেত্রে এরা কি কোনো ব্যতিক্রম করতে চায়? যেমন ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে?

https://kitabbhubon.com

অতএব আপনি যদি 'রিদ্দা'র আইন (মুরতাদকে মৃত্যুদন্ড দেয়া) প্রয়োগ করতে চান বা সমর্থন করেন তাহলে তাদের কাছে তা হবে চরমপন্থা।

৫. এরা কি বিশ্বাস করে যে ধর্ম পরিবর্তন করা ব্যক্তিগত অধিকার?

অতএব একজন মুসলিম যদি ইসলাম ত্যাগ করে ইহুদী হয়ে যেতে চায় বা খৃষ্টান হয়ে যেতে চায়, কোনো মুসলিম যদি চায় সে বানর কিংবা গরুর পূজা করবে তাহলে তাদের মতে তাকে আর বাঁধা দেয়া যাবে না। এটা তাদের অধিকার বলে গণ্য হবে এবং এক্ষেত্রে বাধাদানকে চরমপন্থা হিসেবে আখ্যায়িত করা হবে।

যে মুসলিম ব্যক্তিকে সত্য পথের দিশা দিয়ে মুসলিম হবার সৌভাগ্য দান করে সম্মানিত করা হয়েছে, যে একবার মহান আল্লাহর পরিচয় লাভ করেছে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনীত দ্বীনের অনুসরণ করেছে, যার উপর আল্লাহ রহমত বর্ষণ করেছেন সেই যদি আবার নিকৃষ্ট স্তরে নেমে গিয়ে গরুর পূজা করতে চায় তাহলে তাকে নাকি অবশ্যই সেই অধিকার দিতে হবে!

৬. এরা কি বিশ্বাস করে যে শরীয়া নির্ধারিত ফৌজদারী দণ্ডবিধি বাস্তবায়ন করা উচিত?

অতএব আর কোনো ইসলামী হুদুদ-কিসাস থাকতে পারবে না।

৭. এরা কি বিশ্বাস করে যে রাষ্ট্রের উচিত শরীয়া নির্ধারিত দেওয়ানী আইন বাস্তবায়ন করা?

একথার অর্থ দাঁড়ায় বিয়ে-শাদী, উত্তরাধিকার ইত্যাদি একান্ত পারিবারিক বিষয়েও তারা ইসলামী আইন সহ্য করবে না।

৮. তারা কি মনে করে যে তাদের রাষ্ট্রে শরীয়া বহির্ভূত পছন্দ মাফিক অন্য কোনো আইনে বিচার প্রার্থনা করার সুযোগ থাকা উচিত?

সুবহানাল্লাহ! কি আশ্চর্যের বিষয়! আমরা এখানে কিসের আলোচনা করছি?

https://kitabbhubon.com

এটা কি কোনো আলু-পেয়াজ বিক্রির কাঁচা বাজার? যে এখানে এটা ওটা নিয়ে হেলা-ফেলা করার অবাধ সুযোগ দিয়ে দেয়া হবে?

পৃথিবীর কোনো দেশই তো আইনের ব্যাপারে মানুষকে বাছাই করার সুযোগ দেয় না। প্রতিটি দেশ যেখানে সকল বিষয়ে নিজ দেশের একই আইনের অনুসরণ করে সেখানে তারা চায় আমরা যেন বিভিন্ন অপশন রাখি! একজন লোক কোর্টে আসলে তাকে জিজ্ঞাসা করা হবে, দয়া করে বলুন আপনি কোন আইন অনুযায়ী বিচার প্রার্থনা করছেন!!!

অথচ আল্লাহ সুব: বলছেন,

فَلا وَرَبِّكَ لا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا.

অর্থ: "না, হে মুহাম্মদ, তোমার রবের নামে কসম, তারা কিছুতেই ঈমানদার হতে পারে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে (অর্থাৎ তোমার আনীত শরীয়া ব্যবস্থাকে) বিচারক হিসেবে মেনে নিবে। অতঃপর তুমি যাই ফয়সালা করবে সে ব্যাপারে তারা নিজেদের মনে বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করবে না বরং ফয়সালার সামনে নিজেদেরকে সম্পূর্ণরূপে সমর্পণ করবে।"[৪]

আমাদেরকে কোনো রকম দ্বিধা-দ্বন্দ্ব ছাড়া নিশ্চিতভাবে বিশ্বাস করতে হবে যে, কোনো মুসলিম দাবীদার ততোক্ষণ পর্যন্ত কিছুতেই মুসলিম নয়, যতক্ষণ না সে আল্লাহর দেয়া ছোটো বড় সকল আইনকে সম্পূর্ণ সন্তুষ্ট চিত্তে সানন্দে মেনে নিবে। কোনো মুসলিম দাবীদার মুসলিম নয় যদি সে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহকে সন্তুষ্টচিত্ত্বে মেনে না নেয়।

---

[৪] সূরা নিসা ৪, আয়াত ৬৫।

https://kitabbhubon.com

৯. তারা কি বিশ্বাস করে যে ধর্মীয় সংখ্যালঘুদের অধিকারও একজন মুসলিম নাগরিকের সমান?

তারা কি বিশ্বাস করে যে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেরাও মুসলিম দেশে মুসলিম নাগরিকদের মতো সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেতে পারে?

তাদের এই প্রশ্নের উত্তরে আমরা সুস্পষ্টভাবে বলে দিতে চাই যে, না! বিধর্মীরা মুসলিম দেশে সরকারের কোনো গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেতে পারে না।

মহান আল্লাহ বলেছেন,

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَتَّخِذُواْ بِطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّواْ مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ ٱلْبَغْضَآءُ مِنْ أَفْوَٰهِهِمْ وَمَا تُخْفِى صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ ٱلْءَايَٰتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ.

অর্থ, "হে ঈমানদারগণ! তোমরা মু'মিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধু রূপে গ্রহণ করো না। কেননা, তারা (সুযোগ পেলে) তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করবে না। তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতা প্রসূত বিদ্বেষ তাদের মুখ ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকায়িত রয়েছে তা আরো অনেক গুণ বেশি জঘণ্য। তোমাদের জন্য নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেওয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সক্ষম হও।"[৫]

কাফির মুশরিকদের ব্যাপারে এই আয়াতের মাধ্যমে মহান আল্লাহ আমাদের জন্য এটি সুস্পষ্ট করে দিয়েছেন যে, অমুসলিমদের সাথে মুসলিমদের খুবই আন্তরিকতা থাকতে পারবে না। একইভাবে মহান আল্লাহর কুরআনের এই আয়াত আমাদেরকে অনুমতি দেয় না কোনো পৌত্তলিক, ইহুদী, খৃষ্টান বা ইসলাম ছাড়া অন্য কোনো

---

[৫] সূরা আলে ইমরান, আয়াত: ১১৮।

https://kitabbhubon.com

ধর্মাবলম্বীকে 'বিতানা' তথা উপদেষ্টা বা উচ্চপদস্থ কোনো পদে নিয়োগ দিতে।

প্রশ্নপত্রে তারা আরো জানতে চায় যে,

"Does it believe that members of religious minorities are entitled to build and run institutions of their taith in Muslim majority countries? "

অর্থ: "তারা কি বিশ্বাস করে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেরা মুসলিমদের শাসিত দেশে তাদের ধর্মের প্রচার প্রসারের জন্য কোনো প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে পারবে?"

আপনাদের সদয় অবগতির জন্য বলছি, এক্ষেত্রে ইসলামী আইন হলো তারা তাদের পূর্ব থেকে প্রতিষ্ঠিত পেগোডা বা চার্চসমূহ রাখতে পারবে। কিন্তু নতুন করে আর কোনো চার্চ বা পেগোডা প্রতিষ্ঠা করতে পারবে না। যিম্মীদের ক্ষেত্রে এটাই ইসলামী আইন।

এরপর তারা জানতে চায়:

"Does it accept any legal system based on non-sectrian legal principles?"

অর্থ: "এই ইসলামী রাষ্ট্র কি অসাম্প্রদায়িক মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত কোনো আইনী ব্যবস্থাকে গ্রহণ করে?"

ইসলাম সম্পর্কে যার সামান্যতম জ্ঞান আছে তার বুঝতে মোটেই অসুবিধে হওয়ার কথা নয় যে, মডারেট মুসলিম হওয়ার জন্য তাদের প্রস্তাবনাসমূহ পুরোটাই সুস্পষ্ট ও প্রকাশ্য কুফরী। যদি কোনো ব্যক্তি তাদের এসব প্রস্তাবনার কোনো একটির প্রতিও সম্মতি প্রকাশ করে তাহলে সে নির্ঘাত মুরতাদ কাফিরে পরিণত হবে।

এবার আমরা আবার ফিরে যাই মডারেট ইসলাম বা র‍্যান্ড ইসলামের প্রচার প্রসারে শেরিল বার্নার্ড এর প্রস্তাবনাসমূহের প্রতি।

https://kitabbhubon.com

তাদের প্রথম প্রস্তাবনা ছিলো র‍্যান্ড মুসলিমদের লেখা বই, পুস্তক, প্রবন্ধ ইত্যাদি ভর্তুকি দিয়ে প্রকাশ করা। এর উদ্দেশ্য হলো মিথ্যাচারের প্রসার ঘটানো।

তার দ্বিতীয় প্রস্তাবনা হলো, র‍্যান্ড মুসলিমদেরকে উদ্বুদ্ধ করা সাধারণ জনগণের জন্য বিশেষভাবে যুবক শ্রেণীর জন্য ব্যাপক বই পুস্তক লিখতে

কারণ তারা জানে যে, সঠিকভাবে উপস্থাপন করা হলে সাধারণ মুসলিম জনগণ সত্যকে উপলব্ধি করার ক্ষমতা রাখে এবং তারা এও জানে যে তারা সত্যিকার অর্থে তাদের কল্যাণের জন্য কথা বলে এবং কারা বলে না।

তারা এটাও ভালো করে জানে যে আসল বিপদটা সকল যুগে মূলত: যুবকদের দিক থেকেই এসেছিলো। যুবকরাই হলো সেই শ্রেণী যারা সত্যের পক্ষে প্রবলভাবে দাঁড়িয়ে যায়। ইবরাহীম আ. যখন মূর্তি ভেঙ্গেছিলেন তখন তিনি ছিলেন এক টগবগে যুবক। সূরা কাহফে উল্লেখিত ঘটনা থেকেও আমরা জানতে পারি যে যারা মিথ্যার থেকে বেঁচে সত্যের উপর টিকে থাকার জন্য পাহাড়েরর গুহায় আশ্রয় নিয়েছিলেন তারা সবাই ছিলেন যুবক।

আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সীরাত থেকেও আমরা জানতে পারি যে যারা তাঁর প্রতি ঈমান আনার ক্ষেত্রে অগ্রণী ছিলেন তারা সবাই ছিলেন যুবক। আর একারণেই শেরিল বার্নার্ড এর প্রথম পদক্ষেপ হলো মুসলিম যুব সমাজকে পথভ্রষ্ট করা।

তার তৃতীয় প্রস্তাবনা হলো, র‍্যান্ড মুসলিমদের মতাদর্শসমূহকে ইসলামী শিক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত করা।

এই হীন উদ্দেশ্য বাস্তবায়নের জন্য তারা ইতিমধ্যে বেশ কিছু কার্যকরী পদক্ষেপও নিয়ে ফেলেছে। অনেক মুসলিম দেশের স্কুল-মাদ্রাসার অনেক শিক্ষা সিলেবাস তারা চক্রান্ত করে ধ্বংস করে দিয়েছে। ইসলামী বই পুস্তকের যেসব অধ্যায়ে জিহাদ, হুদুদ, কিসাস ও আল্লাহর আইনের শাসন প্রসংগে আলোচনা করা হয়েছে সেসব অধ্যায়কে তারা হয়তো একেবারে মুছেই দিয়েছে, অথবা এসব মৌলিক বিষয়সমূহকে এমনভাবে বিকৃত

https://kitabbhubon.com

করেছে যে ছাত্র-ছাত্রীরা কিছুতেই যেন এসব বিধানের কল্যাণ ও প্রয়োজনীয়তা উপলব্ধি করতে না পারে।

তার চতুর্থ প্রস্তাবনা হলো, সংশ্লিষ্ট দেশের শিক্ষা সিলেবাস ও প্রচার মাধ্যমে তাদের ইসলাম-পূর্ব জাহেলী সভ্যতা সংস্কৃতির প্রচার প্রসারের মাধ্যমে এর চর্চাকে উৎসাহিত করা।

